15

তারিখ 26 OCT 1994
পৃষ্ঠা ৩ কলাম ২

দৈনিক ইনকিলাব

# ইউনেস্কো নিরক্ষরতা দূর করার কর্মসূচীও বাস্তবায়ন করছে

—শিক্ষামন্ত্রী

মিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার মানব সম্পদ উন্নয়নও বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় শিক্ষার ভূমিকার ওপর গুরুত্বারোপ করেছেন। তিনি মানবাধিকার প্রতিষ্ঠা ও রক্ষার ক্ষেত্রে জাতিসংঘের ভূমিকার কথাও উল্লেখ করেন।

শিক্ষামন্ত্রী সোমবার জাতীয় প্রেসক্লাবে জাতিসংঘ দিবস উপলক্ষে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) আয়োজিত "অব্যাহত মানব সম্পদ উন্নয়ন ও বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় শিক্ষার ভূমিকা" শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর এম সামছুল হকের সভাপতিত্বে এ সেমিনারে জাতিসংঘ উন্নয়ন সংস্থার সহকারী আবাসিক প্রতিনিধি রিচার্ড ডিকটাস, অধ্যাপক আবদুল মোমিন চৌধুরী ও বিএনসিইউ-এর সচিব এস এম সাইফুদ্দিন বক্তৃতা করেন। সেমিনারে মূল প্রবন্ধ পাঠ করেন প্রফেসর নূরুল মোমেন।

শিক্ষামন্ত্রী বলেন, সাক্ষরতা কর্মসূচী বাস্তবায়নে জাতিসংঘের অংগ সংগঠন হিসেবে ইউনেস্কো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তিনি বলেন, বিশ্ব স্বাস্থ্য সংস্থা যেমন পৃথিবী থেকে গুটি-বসন্ত দূর করেছে তেমনি ইউনেস্কো পৃথিবী থেকে নিরক্ষরতা দূর করার কর্মসূচীও বাস্তবায়ন করছে।

সেমিনারে মূল প্রবন্ধে প্রফেসর নূরুল মোমেন বলেন, শিক্ষার অন্যতম উদ্দেশ্য হওয়া উচিত আন্তর্জাতিক সম্পর্ক, সহযোগীতা ও শান্তি প্রতিষ্ঠা করা। তিনি বলেন, দেশের সুন্দর ভবিষ্যতের স্বার্থে শিক্ষা খাতের বিনিয়োগ অগ্রাধিকার দিতে হবে।

—তথ্য বিবরণী